

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.১৩.০১৯.২২- ১৪৮

তারিখ : ২৫ মাঘ ১৪৩০ বাংলা
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ


“নিয়োগ বিজ্ঞপ্তি”

টাঙ্গাইল জেলার দেলদুয়ার উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের শূন্য পদে মহল্লাদার (সম্পূর্ণ অস্থায়ীভাবে) নিয়োগের লক্ষ্যে বর্ণিত বেতন ও শর্তাদি মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়ন পরিষদের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নং	বেতন ও ভাতা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১.	আটিয়া	মহল্লাদার	০১(এক) টি	০১ নং ওয়ার্ড	মহল্লাদার ৬,৫০০/- (নির্ধারিত)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বেতন ভাতার ৫০% সরকারি ও ৫০% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়।

শর্তাবলী :

- ১। মহল্লাদার পদে আবেদনকারীর বয়স ০৮/০২/২০২৪ খ্রি. তারিখে ১৮-৩০ বছর হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বয়স প্রমাণের জন্য কোন এভিডেন্সিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কমান্ডার/প্রশাসক কর্তৃক প্রদত্ত পোষ্য সনদ সংযুক্ত করতে হবে।
- ২। সরকার নির্ধারিত সকল কোটা অনুসরণ করা হবে।
- ৩। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন ৫০ কেজি।
মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন ৪৫ কেজি।
- ৪। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও বাংলাদেশের নাগরিক হতে হবে। নিয়োগের ক্ষেত্রে মহল্লাদারদের পোষ্যগণ ও সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থী অগ্রাধিকার পাবে।
- ৫। আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর ইত্যাদি উল্লেখসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনের সাথে নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াছবি, সদ্যতোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্র সভাপতি, মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি, দেলদুয়ার, টাঙ্গাইল বরাবর আগামী ২৫/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।
- ৭। যে কোন তফসিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল বরাবর ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৮। আবেদনের সাথে নিজ ঠিকানায় ৫/- (পাঁচ) টাকা মূল্যমানের ডাকটিকেটসহ ফেরত খাম দাখিল করতে হবে।
- ৯। বাছাইকৃত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ (পুলিশ ভেরিফিকেশন) সম্পর্কে তদন্ত প্রতিবেদন পাওয়ার পর নিয়োগ প্রদান করা হবে।
- ১০। বৈধ প্রার্থীদের বরাবর যথাসময়ে ডাকযোগে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে।
- ১১। ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ১২। এই বিজ্ঞপ্তিতে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকরি নিয়ন্ত্রিত হবে।
- ১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



০৮/০২/২০২৪
(প্রশান্ত বৈদ্য)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও


সভাপতি

মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।


০৮/০২/২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৪। অফিসার ইনচার্জ, দেলদুয়ার থানা, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৫। উপজেলা অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দেলদুয়ার, টাঙ্গাইল। তাঁকে বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরজন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল। উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়ন পরিষদ ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। নোটিশ বোর্ড/ অফিস কপি।


০৮/০২/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।
NML
০৮/০২/২০২৪